



প্রেস-রিজি

বরিশাল বিশ্ববিদ্যালয়ের সেশনজট নিরসনকল্পে জরুরী সভা অনুষ্ঠিত

বরিশাল বিশ্ববিদ্যালয়, ০২ আগস্ট ২০২৩খ্রিঃ

বরিশাল বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের সেশনজট নিরসনকল্পে একটি জরুরী সভা অনুষ্ঠিত হয়েছে। ০২ আগস্ট ২০২৩ তারিখ দুপুর ১২টায় উপাচার্য প্রফেসর ড. মো. ছাদেকুল আরেফিনের সভাপতিত্বে তার সভাকক্ষে সভাটি অনুষ্ঠিত হয়। সভায় উপাচার্য মহোদয় বলেন, সেশনজট শিক্ষা কার্যক্রমকে বিঘ্নিত করে যা কোন ভাবেই কাঙ্ক্ষিত নয়। উপাচার্য মহোদয় এসময় বরিশাল বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের সেশনজট নিরসনে দ্রুততম সময়ের মধ্যে ব্যবস্থা গ্রহণের নির্দেশনাসহ ভবিষ্যতে কোন বিভাগের শিক্ষার্থীরা যাতে এ সমস্যার সম্মুখীন না হন সে লক্ষ্যে এখন থেকেই দীর্ঘমেয়াদি পরিকল্পনা গ্রহণের জন্য সংশ্লিষ্টদের নির্দেশনা প্রদান করেন। নতুন করে একাডেমিক ক্যালেন্ডার প্রণয়ন করে ডিনবৃন্দের মাধ্যমে তা সমন্বয়ের জন্য চেয়ারম্যানবৃন্দের প্রতি নির্দেশনা দেন উপাচার্য মহোদয়। এছাড়াও দ্রুততম সময়ের মধ্যে পরীক্ষার ফলাফল প্রকাশে পরীক্ষা নিয়ন্ত্রক দপ্তরকে নির্দেশনা দেন এবং পরীক্ষার ফলাফল প্রকাশ কোন কারণে যাতে বিঘ্নিত না হয় সেদিকে সজাগ দৃষ্টি রাখারও আহবান জানান উপাচার্য মহোদয়। সভায় অনুষদের ডিনবৃন্দ, রেজিস্ট্রার, বিভাগের চেয়ারম্যানবৃন্দ, পরীক্ষা নিয়ন্ত্রক ও উপ-পরীক্ষা নিয়ন্ত্রক উপস্থিত ছিলেন।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

উপ-পরিচালক (চ. দা.)

জনসংযোগ অফিস